8940

# B.A. 4th Semester (General) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

## Course: CC-ID/IID/GE-4

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৬০**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। যে কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) অপভাষা বলতে কী বোঝো?

(খ) চারটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ দাও।

(গ) প্রাচীন বাংলা ভাষার নির্দশন পাওয়া যায় এমন দুটি গ্রন্থের নাম লেখো।

(ঘ) আদর্শ কথ্যভাষা কাকে বলে?

(ঙ) ঝাড়খণ্ডী উপভাষার ব্যবহার কোন কোন অঞ্চলে দেখা যায়?

(চ) আদি-মধ্য যুগের বাংলা ভাষার কালসীমা নির্দেশ করো।

(ছ) 'ফি-বছর', 'আলমারি'— কোন শ্রেণির শব্দ?

(জ) তৎসম শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

(ঝ) ফারসি ভাষা থেকে বাংলায় এসেছে এমন দুটি শব্দের উদাহরণ দাও।

(ঞ) প্রাচীন যুগের বাংলা ভাষার কালসীমা নির্দেশ করো।

(ট) 'সূর্য', 'ডাব', 'কলেজ', 'রেস্তোরাঁ'— শব্দগুলি বাংলা শব্দভাণ্ডারের কোন শ্রেণির অন্তর্গত?

(ঠ) মিশ্রভাষা কাকে বলে? উদাহরণ দাও।

(ড) বিদেশি শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

(ঢ) সাধুভাষা থেকে চলিত ভাষায় রূপান্তরের ক্ষেত্রে সর্বনামপদ ও ক্রিয়াপদের সাধুরূপ ও চলিতরূপের দুটি করে উদাহরণ দাও।

(ণ) অনূদিত ঋণ (translated loan) কী— দৃষ্টান্ত দিয়ে বোঝাও।

২। যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) উপভাষা বলতে কী বোঝো? ভাষার সঙ্গে উপভাষার সম্পর্ক কীরূপ তা লেখো।

(খ) সিদ্ধ তৎসম ও অসিদ্ধ তৎসম শব্দ সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দাও।

(গ) প্রাচীন বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ উল্লেখ করো।

(ঘ) বাংলা শব্দভাণ্ডারের তদ্ভব শব্দ সম্পর্কে টীকা লেখো।

(ঙ) কামরূপী উপভাষার ভৌগোলিক এলাকা নির্দেশ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

(চ) প্রাচীন ও অন্ত্যমধ্য বাংলা ভাষার পাঁচটি ভাষাতাত্ত্বিক পার্থক্য লেখো।

৩। যে কোনো *দুইটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) সাধু ও চলিত ভাষা বলতে কী বোঝো? এই দুই ভাষারীতির মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(খ) অন্ত্যমধ্য বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) বঙ্গালী উপভাষার ভৌগোলিক এলাকা নির্দেশ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) শব্দভাণ্ডার কাকে বলে? বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

---